

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

নং-২০.০৫.০০০০.৪৭৮.১৪.৩১৬.১৮ ০৮

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত “সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ”-শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) মিজ শামীমা নাগিস এর সভাপতিত্বে ১১/০৩/২০১৮ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত “সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ”-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি’র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং ২০ তারিখঃ ২০/৩/১৮
সিনিয়র প্রোগ্রামার আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা


২৬-০৬-২০১৮

(মোহাম্মদ তারিফুল বারী)

সিনিয়র সহকারী প্রধান

ফোনঃ ৯১৮০৬৪৬

ই-মেইলঃ tariful2004@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
- ৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১১। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত “সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ” শীর্ষক প্রকল্পের ওপর ১১/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) মিঃ শামীমা নাগিস এর সভাপতিত্বে ১১/০৩/২০১৮ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত “সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ” শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-“ক” তে সন্নিবেশিত। সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন না।

২। উপস্থাপনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির আহ্বানে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করা হয়। সংস্থার প্রতিনিধি জানান যে, বোরো এবং আমন ধান উৎপাদনে কৃষকেরা ডিজেল ও বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে সেচ কাজ করে থাকে। বর্তমানে প্রায় ২.৭০ লক্ষ বিদ্যুৎ চালিত সেচ পাম্পের মাধ্যমে সেচ মৌসুমে ১৭.০ লক্ষ হেক্টর কৃষি জমিতে সেচ চাহিদা পূরণ করা হচ্ছে, যেখানে প্রায় ১৭০০ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হয়। ফলে সেচ মৌসুমে প্রায়শই বিদ্যুৎ ঘাটতির সম্মুখীন হতে হচ্ছে। এছাড়া বর্তমানে প্রায় ১৪ লক্ষ ডিজেল চালিত পাম্পের মাধ্যমে ৩৪০.০ লক্ষ হেক্টর কৃষি জমিতে সেচ প্রদান করা হচ্ছে। এই ডিজেল চালিত পাম্পসমূহের জন্য প্রতি বছর প্রায় ১০ লক্ষ টন ডিজেল বিদেশ হতে আমদানী করতে হয়। এছাড়া ডিজেল চালিত পাম্পসমূহের জন্য প্রতি বছর প্রায় ৩১০.০ লক্ষ টন কার্বন-ডাই অক্সাইড পরিবেশে নির্গত হচ্ছে। ডিজেল ও বিদ্যুৎ চালিত পাম্প ব্যবহারের ফলে সেচ মৌসুমে গ্রীডের উপর বিদ্যুতের হঠাৎ অতিরিক্ত চাপ এবং পরিবেশ দূষণকারী পদার্থের নির্গমন বৃদ্ধি পাচ্ছে।

২.২ সৌর বিদ্যুৎ চালিত পাম্প ব্যবহারের মাধ্যমে সেচ মৌসুমে গ্রীডে বিদ্যুতের উপর বাড়তি চাপ এবং পরিবেশে দূষণকারী পদার্থের নির্গমন হ্রাস করা যায়। এ প্রেক্ষিতে, সৌর বিদ্যুৎ হতে পারে টেকসই বিকল্প শক্তির উৎস। সৌর বিদ্যুৎ চালিত সেচ পাম্প ব্যবহারের মাধ্যমে সেচ মৌসুমে বিদ্যুতের উপর বাড়তি চাপ হ্রাস করার জন্য দেশের ১০ টি জেলায় পাঁচ ক্যাটাগরির ২০০০টি সৌর বিদ্যুৎ চালিত সেচ পাম্প স্থাপনের জন্য “সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ” শীর্ষক প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে পাওয়া গেছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩৮৭.০২৯৭ কোটি টাকা যার মধ্যে প্রকল্প সাহায্য ৩৬৭.৬২৫৭ কোটি (অনুদান ২০৫.৮২৫৭ কোটি) টাকা।

২.৩ সৌর বিদ্যুৎ চালিত পাম্প স্থাপনের পর অনুদানের অংশ বাদ দিয়ে অবশিষ্ট ব্যয় কৃষকের কাছ থেকে ডাউন পেমেন্ট ১৫% এবং অবশিষ্ট ৮৫% অর্থ ১০ বছর মেয়াদে কিস্তির মাধ্যমে আদায় করা হবে। কিস্তি পরিশোধের পর সেচ পাম্পের মালিকানা কৃষকের কাছে হস্তান্তর করা হবে।

৩। আলোচনাঃ প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট ও প্রকল্প সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্য উপস্থাপনের পর প্রকল্পটির বিভিন্ন খাতওয়ারী বিষয়ে বিস্তারিত আলোচনা হয় যা নিম্নরূপঃ

৩.১ পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের যুগ্ম-প্রধান বলেন যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) সেচ কার্যক্রম উন্নয়নে সংশ্লিষ্ট বিধায় প্রতিষ্ঠান দু’টিকে আলোচ্য প্রকল্পটির আওতায় সোলার পাম্প সিস্টেম স্থাপন ও পরিচালনার মাঠপর্যায়ের ব্যবস্থাপনায় সম্পৃক্ত করা প্রয়োজন। এ বিষয়ে ইতোমধ্যে কোন ব্যবস্থা নিয়ে থাকলে তার তথ্যাদি

ডিপিপিতে উল্লেখ করার জন্য সভায় পরামর্শ দেয়া হয়। অন্যথায় একটি সভা আহ্বান করে উক্ত প্রতিষ্ঠান দু'টিকে প্রকল্প কার্যক্রমে সম্পৃক্ত করার বিষয়ে ব্যবস্থা নেয়া যেতে পারে। কার্যক্রম বিভাগের যুগ্ম-প্রধান আরও বলেন যে, সোলার ইরিগেশন সিস্টেম হতে সেচ দেয়ার জন্য কৃষকের নিকট ৩,০০০ টাকা প্রদান করতে হবে -যা অতিরিক্ত প্রতীয়মান হয়। তিনি উক্ত বিষয়টি পুনঃ বিবেচনার জন্য পরামর্শ প্রদান করেন।

৩.২ প্রকল্পের আওতায় সোলার ইরিগেশন পাম্প স্থাপন ও পরিচালনার বিষয়ে প্রণীত বিজনেস মডেলটি বিস্তারিত ও সহজবোধ্য করে প্রকল্পটির ডিপিপিতে সন্নিবেশ করার জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। এছাড়াও, ডিপিপিতে সংযুক্ত ফিজিবিলিটি স্ট্যাডির Exicutive Summary তে সমীক্ষার পর্যবেক্ষণ যথাযথভাবে উল্লেখ না থাকায় ফিজিবিলিটি স্ট্যাডির একটি সার-সংক্ষেপ ডিপিপিতে সংযুক্ত করার জন্য প্রধান (শিল্প ও শক্তি) অভিমত প্রকাশ করেন।

৩.৩ প্রকল্পের উপর গত ৩০/১১/২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত যাচাই কমিটি'র সভায় সিদ্ধান্ত থাকা সত্ত্বেও অর্থবিভাগের জনবল নির্ধারণ কমিটির সুপারিশ ডিপিপি'তে অন্তর্ভুক্ত না থাকার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে বাপবিবো'র প্রতিনিধি জানান যে, গত ১৪/০২/২০১৮ তারিখে বিদ্যুৎ বিভাগ থেকে প্রকল্পের জনবল প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। কিন্তু অর্থ বিভাগে জনবল কমিটির সভা না হওয়ায় তা ডিপিপিতে সংযুক্ত করা সম্ভব হয় নি। অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশ পাওয়ার পর তা পুনর্গঠিত ডিপিপিতে সংযুক্ত করা হবে।

৩.৪ আলোচনায় অংশ নিয়ে যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) বলেন যে, প্রকল্পের ডিপিপিতে বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি ২০১৮ হতে উল্লেখ করা হলেও ইতমধ্যে আড়াই মাস অতিক্রান্ত হয়েছে এবং প্রকল্পটি অনুমোদন পেতে আরোও কমপক্ষে ২ মাস সময়ের প্রয়োজন হবে। এ প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদ এপ্রিল ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত করার জন্য সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৩.৫ প্রকল্পের আওতায় বিদেশে কারিগরি প্রশিক্ষণের পরিবর্তে সোলার সেচ বিষয়ে জনসম্পৃক্ততা সৃষ্টি এবং ভূগমূল পর্যায়ে সোলার সেচের ব্যবস্থাপনার বিষয়ে বিদেশে প্রশিক্ষণ/এক্সপোজার টুরের সংস্থান রাখার জন্য সভায় পরামর্শ দেয়া হয়। ডিপিপিতে বর্ণিত পরামর্শকদের সংখ্যা ও ব্যয় পুনঃ বিবেচনার অবকাশ রয়েছে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ পর্যায়ে পরামর্শকদের সংখ্যা ও ব্যয় যৌক্তিকভাবে হ্রাস করার জন্য সভায় একমত পোষণ করা হয়।

৩.৬ সোলার পাম্পিং সিস্টেমের ব্যয় প্রাক্কলনে সোলার প্যানেল ও সংশ্লিষ্ট সরঞ্জামাদি এবং পাম্পের ব্যয় প্রাক্কলন আলাদা দেখাতে হবে এবং উক্ত ব্যয়ও যৌক্তিক পর্যায়ে হ্রাস করতে হবে। প্রসংগতঃ সংস্থার প্রতিনিধি সভাকে জানান যে, সোলার পাম্পিং সিস্টেমের যন্ত্রপাতি ক্রয়ের জন্য সিডি ভ্যাট খাতে অর্থের প্রয়োজন -যা ডিপিপিতে সংস্থান রাখা হয়নি। এমতাবস্থায়, ডিপিপিতে সিডি ভ্যাট অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়।

৪। সুপারিশঃ বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে “সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ” প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়ঃ

৪.১ কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিএডিসি এবং বিএমজিএ-কে সোলার পাম্প সিস্টেম স্থাপন ও পরিচালনার মাঠপর্যায়ের কাজে সম্পৃক্ত করার বিষয়ে ইতোমধ্যে কোন সিদ্ধান্ত হয়ে থাকলে উক্ত দলিলাদি ডিপিপিতে সংযুক্ত করতে হবে। আর এ সংক্রান্ত কোন ব্যবস্থা গৃহীত না হয়ে থাকলে জরুরী ভিত্তিতে একটি সভা করে ব্যবস্থা নিতে হবে;


৪.২ প্রকল্পের আওতায় সোলার ইরিগেশন পাম্প স্থাপন ও পরিচালনার জন্য প্রণীত বিজনেস মডেলটি বিস্তারিত ও সহজবোধ্যভাবে ডিপিপিতে সন্নিবেশ/সংযুক্ত করতে হবে;

৪.৩ ফিজিবিলিটি স্ট্যাডির পর্যবেক্ষণসমূহের সার-সংক্ষেপ ডিপিপিতে সংযুক্ত করতে হবে;

৪.৪ জনবল নির্ধারণ কমিটির সুপারিশ ডিপিপিতে সংযুক্ত করতে হবে;

৪.৫ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ এপ্রিল ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত নির্ধারণ করতে হবে;

- ৪.৬ পরামর্শকদের সংখ্যা ও ব্যয় যৌক্তিকভাবে হ্রাস করতে হবে;
- ৪.৭ সোলার পাম্পিং সিস্টেমের ব্যয় প্রাক্কলনে সোলার প্যানেল ও তৎসংক্রান্ত সরঞ্জামাদি এবং পাম্পের ব্যয় ডিপিপিতে পৃথকভাবে উল্লেখ করতে হবে এবং এ সব সরঞ্জামাদির ব্যয় যৌক্তিক পর্যায়ের হ্রাস করতে হবে;
- ৪.৮ সরকারের বিদ্যমান নীতিমালার আলোকে ডিপিপিতে সিডি ভ্যাট বাবদ ব্যয় অন্তর্ভুক্ত করতে হবে;
- ৪.১০ সোলার ইরিগেশন সিস্টেম থেকে উৎপাদিত বিদ্যুৎ সেচ কাজের অফ সিজনে বিকল্প ব্যবহারের বিষয়ে ব্যবস্থা নিতে হবে;
- ৪.১১ উপরোল্লিখিত আলোচনা ও সুপারিশের আলোকে পুনর্গঠিত আরডিপিপি ২০ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।
- ৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।


(শামীমা নাগিস)
সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন